দৈনিক সংবাদ

তারিখ ... JUL 2 1999 ...
পৃষ্ঠা ১৭ কলাম ৬

85

# বুয়েট ঃ সর্বদলীয় হচ্ছে না বলে আন্দোলন স্থগিত

(বুয়েট সংবাদদাতা)

বিচার বিভাগীয় তদন্তের দাবিতে বুয়েটের 'সর্বদলীয় ছাত্রঐক্যে'র আন্দোলন আপাতত স্থগিত। গত মঙ্গলবার সর্বদলীয় ছাত্রঐক্যের বিভিন্ন স্তরের নেতাদের সাথে আলোচনা করে এ কথা জানা গেছে।

বিভিন্ন নেতৃবৃন্দ জানান, গত সোমবার হতে সর্বদলীয় ছাত্রঐক্যের ব্যানারে বিভিন্ন সভায় ছাত্রদল, ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন ও ছাত্রফ্রন্টের নেতারা একত্রিত না হতে পারায় কেউ কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারছে না।

গত সোমবার সর্বদলীয় ছাত্রঐক্যের ব্যানারে একাডেমিক কাউন্সিল অফিস ঘেরাও করার কর্মসূচি থাকলেও ছাত্রদল ও ছাত্র ইউনিয়নের নেতা-কর্মীদের অনুপস্থিতির কারণে পরে তা বাতিল করা হয়। একই সাথে সর্বদলীয় ছাত্রঐক্যের ব্যানারে বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের দাবিতে স্মারকলিপিটি উপাচার্যের কাছে পেশ করা হয়নি। তবে সে সময় শুধু ছাত্রলীগ ও ছাত্রফ্রন্টের নেতৃবৃন্দ উপাচার্য প্রফেসর নূরুদ্দীন আহমেদের সাথে বুয়েটের সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেন।

গত মঙ্গলবার সন্ধ্যা ৭টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি চত্বরে সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃবৃন্দ মিলিত হন। সেখানে ছাত্রলীগ ও ছাত্রফ্রন্টের নেতাদের দেখা গেলেও ছাত্রদল বা ছাত্র ইউনিয়নের কোন নেতাকে দেখা যায়নি।

এ ব্যাপারে ছাত্রলীগের সভাপতি তাপস কুমার দত্ত সংবাদকে জানান, ছাত্রদলের নেতৃবৃন্দ সর্বদলীয় ছাত্রঐক্যের সভায় অনুপস্থিত থাকায় আমরা এককভাবে কোন সিদ্ধান্ত নিতে পারছি না। শিগগিরই ৪টি সংগঠনের নেতৃবৃন্দ একত্রিত হয়ে সর্বদলীয় ছাত্রঐক্যের ব্যানারে পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে।